



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৫১২/বিদ্যালয়-১/সাধারণ/১৯২২

তারিখ : ১১/০১/২০১৮

বিষয় : ভর্তি নীতিমালা- ২০১৭ অনুযায়ী নবম শ্রেণিতে ভর্তি প্রসঙ্গে।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের ১৫/১১/২০১৭ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-১১৮২।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের ০৩/১২/২০১৭ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬.১১১৫।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ভর্তি নীতিমালা- ২০১৭ অনুযায়ী জেএসসি/জেডিসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ডের প্রস্তুতকৃত মেধাক্রম অনুসারে নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। এ বিষয়ে নিম্নরূপ সময়সূচি নির্ধারণ করা হয়েছে।

অনলাইনে ডাটাএন্ট্রি	২৫/০১/২০১৮ হতে ০১/০২/২০১৭ তারিখ পর্যন্ত।
ফলাফল প্রকাশ	০৭/০২/২০১৭ তারিখ।

এ পরিপ্রেক্ষিতে অনলাইনে ডাটাএন্ট্রির মাধ্যমে শিক্ষার্থীদের তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান তার নিজস্ব EIDN ও PASSWORD ব্যবহার করবে।

উল্লেখ্য, যে শিক্ষা প্রতিষ্ঠানে নবম শ্রেণিতে আবেদনকৃত ভর্তিচ্ছু শিক্ষার্থী সংখ্যা শূন্য আসনের চেয়ে বেশি এবং একই জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীদের মেধাক্রম তৈরির বিষয়টি জড়িত আছে, শুধুমাত্র সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপরোক্ত কার্যক্রম প্রযোজ্য হবে।


চেয়ারম্যানের আদেশক্রমে


11.01.18

প্রফেসর এ.টি.এম. মইনুল হোসেন
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।


১১/০১/১৮